গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা- ২ শাখা।

নং-স্বাপকম/শৃংখলা-২/অভি-১২/২০০৮/ তারিখঃ- -১০-২০১১ খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ তাপস কুমার ভৌমিক, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি))দৌলতপুর,মানিকগঞ্জ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) ধারা বিধি মোতাবেক বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর জবাব সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন এবং তদন্তে আনীত অভিযোগ প্রমানিত হয়েছে;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে ডাঃ তাপস কুমার ভৌমিক, মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি))দৌলতপুর,মানিকগঞ্জ -কে সরকারি চাকরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর জবাব সন্তোষজনক প্রতীয়মান হয়নি;

যেহেতু, তাকে সরকারি চাকরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পিএসসি) মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে; এবং

এক্ষনে সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪ (৩) (ডি) বিধি মোতাবেক ডাঃ তাপস কুমার ভৌমিক, মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি))দৌলতপুর,মানিকগঞ্জ -কে সরকারি চাকরি হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২৭/১১/২০০৭ থেকে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মুহম্মদ হুমায়ুন কবির) ২৫/১০/১১
সচিব

উপ-নিয়ন্ত্রক,
বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা।
নং-স্বাপকম/শৃংখলা-২/অভি-১২/২০০৮/ ২৫২/১(৯) তারিখঃ-২৫-১০-২০১১ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

১। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা।
২। মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরাণ বাজার, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৩। পরিচালক (এম আইএস),পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হলো)।
৪। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মানিকগঞ্জ।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬। সিনিয়র সহকারী সচিব, পরিবার কল্যাণ-২ শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়।
৭। প্রোগ্রামার,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,দৌলতপুর,মানিকগঞ্জ।
৯। ডাঃ তাপস কুমার ভৌমিক,মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি))দৌলতপুর,মানিকগঞ্জ।

২৫.১০.১১
(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৭২০২৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা- ২ শাখা।

নং-স্বাপকম/শৃংখলা-২/অভি-৩৫/২০০৯/

তারিখঃ- -১০-২০১১ খ্রিঃ

আদেশ

যেহেতু, জনাব মোঃ শামসুল আলম শাহ,উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা(সাময়িক বরখাস্তকৃত),হাতিয়া ,নোয়াখালী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক বিভাগীয় মামলা রুজু করে ১ম কারন দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর জবাব সন্তোষজনক প্রতিয়মান না হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন এবং তদন্তে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে জনাব মোঃ শামসুল আলম শাহ,উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা(সাময়িক বরখাস্তকৃত),হাতিয়া ,নোয়াখালী (রংপুর জেলার সদর উপজেলায় কর্মকালীন) -কে সরকারী চাকুরী হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করলেও তাঁর জবাব সন্তোষজনক প্রতিয়মান হয়নি;

যেহেতু, তাকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্মকমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পিএসসি) মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

এক্ষনে সেহেতু, সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪ (৩) (ডি) বিধি মোতাবেক জনাব মোঃ শামসুল আলম শাহ,উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা(সাময়িক বরখাস্তকৃত),হাতিয়া ,নোয়াখালী-কে সরকারী চাকুরী হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ তাঁর সাময়িক বরখাস্ত করার তারিখ ০৩-০৬-২০০৮ থেকে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২০/১০/১১
(মুহম্মদ হুমায়ুন কবির)
সচিব

উপ-নিয়ন্ত্রক,
বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা।

নং-স্বাপকম/শৃংখলা-২/অভি-৩৫/২০০৯/ ২৫৩/১(১০)

তারিখঃ ২৫-১০-২০১১ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

১। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা।
২। মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরাণ বাজার, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৩। পরিচালক (এম আইএস),পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হলো)।
৪। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, নোয়াখালী।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬। সিনিয়র সহকারী সচিব, পরিবার কল্যাণ-২ শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭। প্রোগ্রামার,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮। জনসংযোগ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়।
৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, হাতিয়া ,নোয়াখালী।
১০। জনাব মোঃ শামসুল আলম শাহ,উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা(সাময়িক বরখাস্তকৃত),হাতিয়া ,নোয়াখালী।

২৫.১০.১১
(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৭২০২৮